

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫. ৮৬২
বিষয়: এপ্রিল ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২
০১ এপ্রিল ২০২৬

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ এপ্রিল ২০২৬ দুপুর ২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মার্চ ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, মার্চ ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:


বিভাগ/দেশ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	৪৬	৬৮	+৪৫.৯	০৪	০৮
ময়মনসিংহ	৫২	১১৬	+২১৭.০	০৪	১১
চট্টগ্রাম	৫৮	৩২	-৪৪.৪	০৩	০৫
সিলেট	১১৪	২৪০	+১১০.৫	০৭	১২
রাজশাহী	২৯	৫৪	+৮৯.৬	০৪	০৬
রংপুর	২৯	১২৩	+৩২৮.০	০৪	০৯
খুলনা	৩৭	৩৪	-৭.৯	০৩	০৬
বরিশাল	৪৫	২৩	-৪৮.৬	০৩	০৭
সারাদেশ	৪৭	৬২	+৩১.০	০৪	০৮

মার্চ ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (+৩১.০%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। তবে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ২-৩, ৮-১৬, ১৮-২২ ও ২৪-৩১ মার্চ ২০২৬ সময়ে দেশের অনেক স্থানে হালকা থেকে ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৮৩ মি.মি. সিলেট রেকর্ড (১৩ মার্চ ২০২৬) করা হয়। মার্চ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৮°সে. (যশোর, ২৭ মার্চ ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৪.২°সে. (রাজারহাট, ৪ মার্চ ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ০.৪°সে. কম এবং সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৯°সে. ও ০.৩°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মার্চ ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক এপ্রিল ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	এপ্রিল ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
ঢাকা	১১৯	১১০ - ১৫০	০৮	০৯-১১	১৫-২৫
ময়মনসিংহ	১৬৫	১৫০ - ২০০	০৮	০৯-১১	১৮-২৮
চট্টগ্রাম	১২০	১৩০ - ১৬০	০৭	০৮-০৯	২০-৩০
সিলেট	২৯৫	২৬৫ - ৩২৫	১৩	১৪-১৬	২০-৩০
রাজশাহী	৭৯	৭৫ - ৯০	০৬	০৭-০৯	১২-২২
রংপুর	১০৯	৮৫ - ১০৫	০৬	০৭-০৯	১৫-২৫
খুলনা	৬৫	৬০ - ৮৫	০৫	০৬-০৮	১৫-২৫
বরিশাল	৯৩	৯০ - ১১০	০৭	০৬-০৮	১৮-২৮

১. বৃষ্টিপাত: এপ্রিল ২০২৬ মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
২. ঘূর্ণিঝড়: বঙ্গোপসাগরে ১-২ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১টি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
৩. কালবৈশাখি/বজ্রঝড়: দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৫-৭ দিন হালকা/মাঝারি এবং ১-৩ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
৪. তাপমাত্রা: এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।
৫. তাপপ্রবাহ: এ মাসে দেশে ২-৪ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ১-২টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৬. নদ-নদীর অবস্থা: এপ্রিল মাসে দেশের প্রধান নদ-নদীসমূহে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
৭. কৃষি আবহাওয়া: এপ্রিল মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০-৫.০ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৫.৫-৭.৫ ঘন্টা থাকতে পারে।


০২/০৪/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)

ও

চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd